## জঙ্গিপুর সংবাদের নিয়মাবলী

জঙ্গিপুর সংবাদে বিজ্ঞাপনের হার প্রতি সপ্তাহের জন্য প্রতি লাইন ।৵০ আনা, এক মাসের জন্য প্রতি লাইন প্রতিবার ।০ আনা, তিন মাসের জন্য প্রতি লাইন প্রতিবার ৶১০ আনা, ১৲ এক টাকার কম মূল্যে কোন বিজ্ঞাপন প্রকাশিত হয় না। বড় স্থায়ী বিজ্ঞাপনের বিশেষ দর পত্র লিখিয়া বা স্বয়ং আসিয়া করিতে হয়।

ইংরাজী বিজ্ঞাপনের চার্জ্জ বাংলার দ্বিগুণ।

জঙ্গিপুর সংবাদের সডাক বার্ষিক মূল্য ২৲ টাকা হাতে ১॥০ টাকা। নগদ মূল্য ⁄০ এক আনা। বাৎসরিক মূল্য অগ্রিম দেয়।

শ্রীবিনয়কুমার পণ্ডিত, রঘুনাথগঞ্জ, মুর্শিদাবাদ।

Registered
No. C. 853

# জঙ্গিপুর সংবাদ

সাপ্তাহিক সংবাদ-পত্র



বহু পরীক্ষিত ও উচ্চ প্রশংসিত

## শিরোরোগান্তক তৈল
ও
## শিরোরোগান্তক ঔষধ

ঊর্দ্ধশ্লেষ্মাজনিত মাথা ভার, মাথা কামড়ান এই তৈল ও ঔষধব্যবহারে প্রশমিত হয়। মূল্য তৈল এক শিশি ২॥০ টাকা ঔষধ ২ সপ্তাহ ১৲ টাকা।
চ্যবনপ্রাশ ⁄১ সের (৮০ তোলা) ১০৲ টাকা
মকরধ্বজ ১ তোলা ৮৲ টাকা।

কবিরাজ শ্রীশৌরীন্দ্রমোহন গাঙ্গুলী, কবিরত্ন
(গভর্ণমেণ্ট রেজিষ্টার্ড)
মণিগ্রাম বাসন্তীতলা, পোঃ মণিগ্রাম (মুর্শিদাবাদ)



৩৬শ বর্ষ } রঘুনাথগঞ্জ মুর্শিদাবাদ—২৯শে আষাঢ় বুধবার ১৩৫৬ ইংরাজী 13th July 1949 { ৯ম সংখ্যা



সাবানের সেরা

## রায়সন সাবান

ব্যবসাদারদের জন্য বিশেষ ব্যবস্থা আছে।
পরীক্ষা প্রার্থনীয়।

বিনীত—
রায়সন কেমিক্যাল কোং
খাগড়া
(পুরাতন পোষ্ট অফিসের গলি)

## বরফ

বাজারে বাহির হচ্ছে
স্থানীয় এজেন্সীর
ও
অন্যান্য সর্ত্তাবলীর জন্য
খোঁজ লউন।

বিনীত—
বহরমপুর আইস্ কোং
খাগড়া
(পুরাতন পোষ্ট অফিসের গলি)

## ১৯০৭--১৯৪৭

'স্বদেশী যুগে'র প্রারম্ভে রবীন্দ্রনাথের পৈতৃক ভবন, জোড়াসাঁকোর সুপ্রসিদ্ধ ঠাকুরবাড়ীতে রবীন্দ্রনাথ প্রমুখ কয়েকজন দেশপ্রাণ মনীষী 'হিন্দুস্থান'-এর গোড়াপত্তন করিয়াছিলেন। তাঁহাদের উদ্দেশ্য ছিল,—জীবন-বীমার দ্বারা ব্যক্তি ও জাতির আর্থিক-উন্নতি সাধন করা। এ বিষয়ে 'হিন্দুস্থান' পূর্ব্বাপর দেশবাসীর নিকট হইতে সর্ব্বান্তরিক সহযোগিতা লাভ করিয়া আসিতেছে এবং গত ৪১ বৎসরের জন-সেবায় ইহা আজ ভারতের অন্যতম সর্ব্ববৃহৎ বীমা-প্রতিষ্ঠানে পরিণত হইয়াছে। ১৯৪৭ সালের সোসাইটির অসামান্য সাফল্যেই তাহার পরিচয় পাওয়া যায়।

| | | | | | |
|---|---|---|---|---|---|
| নূতন বীমা | ... | ১২ কোটি | ৩১ লক্ষ | টাকার | উপর |
| মোট চল্‌তি বীমা | ... | ৫৫ ,, | ৬৩ ,, | ,, | ,, |
| প্রিমিয়ামের আয় | ... | ২ ,, | ৬১ ,, | ,, | ,, |
| বীমা তহবিল | ... | ১০ ,, | ৬৩ ,, | ,, | ,, |
| মোট সংস্থান | ... | ১১ ,, | ৬৪ ,, | ,, | ,, |
| দাবী শোধ [১৯৪৭] | ... | প্রায় ৫৪ লক্ষ টাকা | | | |

কিন্তু হিন্দুস্থানের গর্ব্ব তাহার এই সকল কোটি কোটি টাকার অঙ্কে নহে, সে যে তাহার অকুণ্ঠ সেবা দ্বারা অসংখ্য পরিবারের অর্থসংস্থান করিয়া দিতে পারিতেছে, ইহাই তাহার প্রকৃত গর্ব্বের বিষয়।

## হিন্দুস্থান কো-অপারেটিভ

ইন্সিওরেন্স সোসাইটি, লিমিটেড.
হেড অফিস—হিন্দুস্থান বিল্ডিংস
৪নং চিত্তরঞ্জন এভিনিউ, কলিকাতা

সর্ব্বেভ্যো দেবেভ্যো নমঃ।

# জঙ্গিপুর সংবাদ

২৯শে আষাঢ় বুধবার সন ১৩৫৬ সাল

## কন্যাদায়

—:*:—

বাংলা দেশে বরপণ গ্রহণ ব্যাপার একটা জঘন্য নৃশংস অত্যাচারের মধ্যে গিয়া দাঁড়াইয়াছে। যে দেশের মধ্যবিত্ত শিক্ষিত লোকে মাথার ঘাম পায়ে ফেলিয়া ও কলম পিষিয়া পেটের ভাত পরণের কাপড় স্বচ্ছন্দে যোগাড় করিতে পারে না সে দেশে কন্যাকে যেন তেন প্রকারে দু'তিন হাজার টাকা অন্ততঃ দিয়া বরের হাতে সমর্পণ করা যে কি ভীষণ ব্যাপার তাহা যে ভুক্তভোগী সেই জানে। মরণের চেয়েও তাই কন্যাদায় আজ দেশে ভীষণ হইয়া দাঁড়াইয়াছে। অভাবের জ্বালায় সুস্থচিত্তে কেহই এখন পুত্রকন্যা কামনা করে না। কন্যাতো নহেই। কিন্তু অন্তরের একান্ত অনিচ্ছায়ও বিধাতার বিধান নড়ে না। কন্যা হইলে সে পিতামাতার একটা মস্ত ভার হয়। বাংলা দেশে কত পিতা কন্যাদায়ে প্রাণ দিয়াছেন, কত সংসার শ্মশান হইয়াছে—কত কন্যা আগুনে পুড়িয়া মরিয়াছে—কিন্তু এই পাপ প্রথা বন্ধ হয় নাই। নিজ নিজ স্বার্থকে প্রাধান্য দিয়া দেশের লোকেই সমাজের উপর, ব্যক্তির উপর এই পাষাণ চাপ চাপাইয়া রাখিয়াছে। জাতির জীবন নারী,—জীবনের মূল উৎসকে অবমাননা করিয়া জাতি ক্রমেই নির্বীর্য্য আশাহীন হইয়া পড়িতেছে! মেয়ের বিবাহ দিতেই হইবে—যেমন করিয়াই হোক ভিটা মাটি বিক্রয় করিয়াও তাহাকে পাত্রস্থ করিতেই হইবে—এই ধারণা সমাজ হইতে দূর করিতে হইবে। নারীকে নিজের চলিবার ক্ষমতা, আত্মরক্ষার ক্ষমতা, সাহস, বুদ্ধি, সবই এখন শিখিতে হইবে। কারণ দেশের যে রকম দিন কাল ক্রমশঃ পড়িতেছে তাহাতে দেখা যায়—পুরুষ কোন দিক দিয়াই নারীর মর্য্যাদা রাখিতে পারিতেছে না। বাংলার তরুণ যুবক সম্প্রদায়েরও কর্ত্তব্য—তাহারা কিছুতেই ভবিষ্যৎ জীবন-সঙ্গিনীর উপর ও তাহার পিতামাতার উপর এই করভার ন্যস্ত না করিয়া সম্মানের সঙ্গে হাসিমুখে জীবন-সঙ্গিনীকে গ্রহণ করিতে বদ্ধপরিকর হওয়া। নারী শিক্ষায় আত্মনির্ভরক্ষম যদি হইতে পারেন তবে সংসার এখনকার চেয়ে অনেক মধুর হইবে, সংসারের অভাব জ্বালাও কমিবে। ভবিষ্যদ্বংশীয়েরাও বুঝি মনুষ্যত্ব কিছু বেশী পাইবে। আপাত-দৃষ্টিতে এমন হইলে একটু সামাজিক বিক্ষোভ বিবেচিত হইতে পারে কিন্তু পরিণামে ফল শুভকর হইবে।

---

## পাঁচ বৎসরের বালিকাকে হরণের চাঞ্চল্যকর বিবরণ

### আসামীর সাত বৎসর সশ্রম কারাদণ্ড

আলিপুরের অতিরিক্ত দায়রা জজ মিঃ কে কে দাসগুপ্ত জুরীদের সর্ব্বসম্মত মত গ্রহণ করিয়া প্রেসিডেন্সী কলেজের অধ্যাপক শ্রীএস, বি, সান্ন্যালের পাঁচ বৎসর বয়স্কা অপহৃতা কন্যা সুমিত্রাকে লুকাইয়া রাখার অভিযোগে মহম্মদ আবদুল্লাকে সাত বৎসর সশ্রম কারাদণ্ডে দণ্ডিত করিয়াছেন। মামলার বিবরণে প্রকাশ যে, ২২শে নভেম্বর তারিখে বালিকা সুমিত্রা রাজপথে সাপুড়িয়ার সাপখেলা দেখিতে যায় কিন্তু আর বাড়ী ফিরিয়া আসে নাই। ঐ দিন রাত্রিতে বালিকাকে ক্যানিং-এর ঘুটিয়ারী শরীফস্থিত মসজিদে আসামীর সহিত পাওয়া যায়। এই স্থানে সে বালিকা তাহার আত্মীয়া বলিয়া পরিচয় দেয়। মসজিদের ইমাম বালিকাকে প্রশ্ন করেন এবং ইহাতে তাঁহার মনে সন্দেহ হওয়ায় তিনি স্থানীয় রেলওয়ে ষ্টেশনের কর্ম্মচারী-দিগকে সংবাদ দেন। আসামী ও বালিকাকে পুলিশে সমর্পণ করা হয়। আসামীকে দণ্ড দিতে গিয়া বিচারপতি মন্তব্য করেন, 'আসামী অতীব ঘৃণ্য অপরাধ করিয়াছে। এই কার্য্যের ফলে শুধু বালিকার পরিবারবর্গ গভীর শোকে মগ্ন হইয়াছিলেন তাহাই নহে পরন্তু সমগ্র সহরেও চাঞ্চল্যের সৃষ্টি হইয়াছিল এমতাবস্থায় এই নৃশংস শিশু-চোর অথবা তাহার সহিত সংশ্লিষ্ট ব্যক্তির উপর উপরোক্ত অপরাধের জন্য যে সর্ব্বোচ্চ দণ্ডের বিধান রহিয়াছে তাহাই প্রয়োগ করা উচিত।'

---

## অনুন্নত সম্প্রদায়ের ছাত্রদের জন্য বৃত্তি মঞ্জুর

ভারত সরকার ১৯৪৯-৫০ সালের জন্য তপশীলী সম্প্রদায় ও অন্যান্য অনুন্নত শ্রেণীর ছাত্রদের বৃত্তিদানের সিদ্ধান্ত করিয়াছেন। এই পরিকল্পনানুযায়ী, রামদাসী, মজহারী, শিকলিগড় ও কবিরপন্থী এই চারটি অনুন্নত শ্রেণীর শিখেরাও এই বৃত্তিলাভের যোগ্য বলিয়া বিবেচিত হইবেন।

যে সকল ছাত্র ভারতের অনুমোদিত বিদ্যালয়গুলিতে নিম্নলিখিত বিষয়ে শিক্ষালাভ করিবেন, তাঁহাদিগকেই এই বৃত্তি দেওয়া হইবে। (১) চিকিৎসা পরিচর্য্যা ও অনুরূপ বিষয়, (২) স্থাপত্য ও পূর্ত্ত বিদ্যা, (৩) কৃষি, পশু চিকিৎসা ও বনসংরক্ষণ, (৪) কারিগরী-বিদ্যা, (৫) বিজ্ঞান, (৬) শিক্ষা ও সমাজসেবা, (৭) বাণিজ্য, (৮) আইন, (৯) কলা, সমাজ বিজ্ঞান, ললিতকলা ও পাঠাগার পরিচালনা।

নয়াদিল্লীতে ভারত সরকারের শিক্ষা দপ্তরে তপশীলী ও অনুন্নত শ্রেণীর স্কলারশিপ বোর্ডের সেক্রেটারীর নিকট হইতে এই সম্পর্কে বিস্তারিত বিবরণ জানা যাইবে। আবেদনের ফরমও ঐ ঠিকানায় পাওয়া যাইবে। আবেদন গ্রহণের শেষ তারিখ ৩১শে জুলাই (১৯৪৯)।

---

## মৌমাছি দংশনের ঔষধ

সম্প্রতি ডাঃ উইলিয়াম থিওডোর ষ্ট্রস নামক জনৈক মার্কিণ চিকিৎসক জার্নাল অব দি আমেরিকান মেডিক্যাল অ্যাসোসিয়েশন পত্রিকায় প্রকাশিত একটি প্রবন্ধে বলিয়াছেন যে, থেপোরিণ নামক নবআবিষ্কৃত ঔষধের প্রয়োগে এক বা দুই মিনিটের মধ্যেই পিপীলিকা বা মৌমাছির কামড়ের জ্বালা প্রশমিত হওয়া সম্ভব।

---

## গাছের চারা বিতরণ

জনসাধারণের সুবিধার্থে বন বিভাগীয় সরকারী নার্সারী হইতে বিনামূল্যে নানাবিধ গাছের চারা বিতরণ করা হইতেছে। সরকার ইচ্ছা করেন যে প্রত্যেকেই নিজ নিজ পতিত জমিতে ইচ্ছামত কিছু কিছু গাছ লাগান। গাছের চারা নিম্নলিখিত স্থান হইতে পাওয়া যাইবে। বাঙ্কেটিয়া নার্সারী বাঙ্কেটিয়া পুলীশ

ট্রেনিং এর নিকট অবস্থিত। জিয়াগঞ্জ ও মনিগ্রাম নার্সারী। চারা বিতরণ কার্য্যে ইউনিয়ন ও থানা-কৃষি বিভাগীয় অফিসারগণ জনসাধারণকে সাহায্য করিবেন।

## শতাধিক যাত্রীর শোচনীয় মৃত্যু

তুর্কী জাহাজ কোরামে এক অগ্নিকাণ্ডের ফলে শতাধিক যাত্রী অগ্নিদগ্ধ হইয়া মারা গিয়াছে। ইহাদের সকলেই তুর্কী। জাহাজে বোঝাই রাসায়নিক দ্রব্যাদির পেটীর মধ্যে এক বিস্ফোরণের ফলে অগ্নিকাণ্ডের উৎপত্তি হয়। প্রায় ৩০ জন আহত হইয়াছে। কোরাম জাহাজখানার ইস্তাম্বুল হইতে কৃষ্ণসাগরাভিমুখে যাত্রা করার কথা ছিল।

## রিভলভার দেখাইয়া চলন্ত ট্রেনে ডাকাতির মামলা

শিয়ালদহের পুলিস ম্যাজিষ্ট্রেট মিঃ ইউ, পি, লাহিড়ী চোরাই মাল রাখার অভিযোগে ভারতীয় দণ্ডবিধির ৪১১ ধারা অনুসারে নৃপতি মজুমদারকে ১ বৎসর সশ্রম কারাদণ্ডে দণ্ডিত করিয়াছেন।

মামলার বিবরণে প্রকাশ, অভিযোগকারী শিবেন্দ্রচন্দ্র বণিক নারায়ণগঞ্জের ব্যবসায়ী। গত ১১ই জুন তিনি একখানি প্রথম শ্রেণীর কামরা রিজার্ভ করিয়া মেল যোগে ঢাকায় যাইতেছিলেন। তাঁহার সঙ্গে ছিলেন চন্দ্রকান্ত বণিক ও পুত্র গৌরাঙ্গ (১৪)। শিয়ালদহ হইতে ট্রেণ চলিতে আরম্ভ করিলে আসামী কামরার ফুটবোর্ডে দাঁড়াইয়া তাহাকে ভিতরে বসিবার জায়গা দিবার জন্য অনুরোধ জানায়। ব্যারাকপুর ষ্টেশন পর্য্যন্ত সে অনুরোধ চালাইয়া যায়। ব্যারাকপুরে সে ফুটবোর্ড হইতে নামিয়া পরে। ট্রেণ চলিতে আরম্ভ করিলে সে জানালা দিয়া জোর করিয়া ভিতরে প্রবেশ করে এবং তাহার পরে অপর দুই ব্যক্তিও জানালা দিয়া প্রবেশ করে। এই দুই জন লোকের দাড়ি ছিল ও পরণে ছিল পাজামা-পরা। লোক দুটি অভিযোগকারীর প্রতি রিভলভার উঁচাইয়া ধরে। এই সময় গৌরাঙ্গ উপরের বার্থে ঘুমাইতেছিল। লোক দুটি যাত্রীদের বোতাম, ঘড়ি প্রভৃতি খুলিয়া লয়। অভিযোগকারীর পকেটে একখানি চেক বই ছিল। সেখানি বাহির করিয়া তাহার এস, সি, বসুর নামে ৪ চার হাজার টাকার একখানি চেক লিখিয়া দিতে বলে। অভিযোগকারী চেক লিখিয়া দেন। ব্যারাকপুর ও নৈহাটির মধ্যে এই ঘটনা ঘটে। রিভলভারের ভয়ে কেহই চীৎকার করে নাই। মেল নৈহাটিতে থামিলে দুর্ব্বৃত্তরা নামিয়া যায়।

ডাউন ঢাকা মেলে অভিযোগকারীরা রাণাঘাট হইতে কলিকাতায় ফিরিয়া আসেন। পরদিন সকালে অভিযোগকারী নবীবক্স এণ্ড কোম্পানীতে গিয়া বড়বাজারস্থ হিন্দ ব্যাঙ্ককে উক্ত চেকে টাকা দিতে বারণ করেন। ম্যানেজার তখন লিখিত পত্র চান। মেসার্স নবীবক্সের অফিস হইতে চিঠি টাইপ করিয়া অভিযোগকারী নিজেই ব্যাঙ্কের ম্যানেজারকে দিয়া আসেন।

## বহরমপুরে মহিলা কলেজ

বহরমপুর মহিলা কলেজের ইণ্টারমিডিয়েট পরীক্ষার ফল সন্তোষজনক হইয়াছে। আনন্দের কথা শতকরা ৮৬ জন পরীক্ষার্থিনী উত্তীর্ণা হইয়াছেন। কলিকাতা বিশ্ববিদ্যালয়ের অন্য কোন কলেজে এত অধিক সংখ্যক ছাত্র ছাত্রী উত্তীর্ণ হয় নাই।

## যাবজ্জীবন দ্বীপান্তর

রঘুনাথগঞ্জ থানার অন্তর্গত দয়ারামপুর গ্রামের জয়চাঁদ সেরাওগীকে নৃশংসভাবে হত্যার দায়ে বহরমপুর সেসন কোর্টের বিচারে তিন জন আসামীর প্রতি যাবজ্জীবন দ্বীপান্তর দণ্ডের আদেশ হইয়াছে।

## জিয়াগঞ্জে কলেজ

জিয়াগঞ্জে শ্রীপৎসিং কলেজ খোলা হইয়াছে। আই-এ, আই-কম ও আই-এস-সি ক্লাশে ছাত্র ভর্ত্তি হইতেছে। বহিরাগত ছাত্রদের জন্য ছাত্রাবাসের ব্যবস্থা আছে।

## নোটিশ

এতদ্দ্বারা সর্ব্বসাধারণকে জানান যাইতেছে যে, জেলা মুর্শিদাবাদ থানা সাগরদীঘির অন্তর্গত চাঁদপাড়া গ্রাম হাল শ্যামপুর গ্রামের মৃত মহেন্দ্রনাথ সরকারের বিধবা স্ত্রী ইন্দ্রমতি দাস্যার বিগত ৬ই আষাঢ় ১৩৫৬ সন মৃত্যু হইয়াছে। আমি উক্ত সাকিমের ৺যদুপতি সরকারের পুত্র শ্রীভুজঙ্গভূষণ সরকার বর্ত্তমান কলাবাগ নিবাসী প্রকাশ করিতেছি যে আমি একমাত্র উক্ত ইন্দ্রমতির যাবতীয় পরিত্যক্ত সম্পত্তির ওয়ারীশ। আমি বা আমার ক্ষমতা-প্রাপ্ত ব্যক্তির অনুমতি বা আদেশ ব্যতীত অন্য কোন ব্যক্তি উক্ত সম্পত্তিতে হস্তক্ষেপ করিতে পারিবে না। করিলে বাতিল বা না-মঞ্জুর হইবে।

শ্রীভুজঙ্গভূষণ সরকার
সাং কলাবাগ, থানা রঘুনাথগঞ্জ
জেলা মুর্শিদাবাদ


## হোমিওপ্যাথিক ঔষধ

রঘুনাথগঞ্জ কালিকা ফার্ম্মেসীতে হোমিওপ্যাথিক ঔষধ, শিশি, কর্ক, গ্লোবিউল ও সুগার-অব-মিল্ক পাওয়া যায়।


## বিষ্ণুচন্দ্র শীল্ড প্রতিযোগিতা

তাঁতিবিরল, পোঃ বারালা

প্রতিযোগিতায় বিজয়ী দল একটী শীল্ড ও এগারটী পদক এবং বিজিত দল একটী কাপ ও এগারটী পদক পাইবেন।

প্রতিযোগিতায় শ্রেষ্ঠ খেলোয়ারদের জন্য বিশেষ পদক নির্দ্দিষ্ট আছে।

প্রতিযোগিতায় প্রবেশের শেষ তারিখ ৩১।৭।৪৯ বিস্তারিত বিবরণের জন্য সমিতিতে লিখুন। ইতি—

শ্রীনীরেন্দ্রনাথ দাস
সম্পাদক


হাতে কাটা

**বিশুদ্ধ পৈতা**

মূল্য ছয় পয়সা

পণ্ডিত প্রেসে পাইবেন।

মাত্র তিন টাকায় ১২টী রবার ষ্ট্যাম্প
পণ্ডিত-প্রেসে অর্ডার দিলে সরবরাহ করা হয়।

**STAMPED.**
**ORIGINAL.**
**REFUSED.**
**FILED.**
**DUPLICATE.**
**BOOK-POST.**
**URGENT.**
**CANCELLED.**
**ANSWERED.**
**PAID.**
**COPIED.**
**REGISTERED.**

---

জীবন বীমা করা
আপনার সব চেয়ে
**বড় দায়িত্ব**

মেট্রোপলিটন
ইন্সিওরেন্স কোং লিঃ


হেড অফিস—১১, ক্লাইভ রো
ক লি কা তা

এজেন্ট চাই
জঙ্গীপুরের পল্লী অঞ্চলের জন্য
অনুসন্ধান করুন।

---




# সুরবল্লী




যে সব ডা ক্তা র রা
সুরবল্লী ব্যবস্থা করে
দেখেছেন তাঁরা সবাই একমত যে এরূপ উৎকৃষ্ট রক্তপরিষ্কারক উপদংশ নাশক ও "টনিক" ঔষধ খুব কমই আছে।

সর্ব্বপ্রকার চর্ম্মরোগ, ঘা, স্ফোটক, নালি, রক্তদুষ্টি প্রভৃতি নিরাময় করিতে ইহার শক্তি অতুলনীয়।

ইহা যকৃতের ক্রিয়া নিয়ন্ত্রণ করিয়া অগ্নি, বল ও বর্ণের উৎকর্ষ সাধন করে। গত ৬৭ বৎসর যাবৎ ইহা সহস্র সহস্র রোগীকে নিরাময় করিয়াছে।

**সি, কে, সেন এণ্ড কোং লিঃ**
**জবাকুসুম হাউস, কলিকাতা**

রঘুনাথগঞ্জ পণ্ডিত-প্রেসে—শ্রীবিনয়কুমার পাণ্ডত কর্ত্তৃক
সম্পাদিত, মুদ্রিত ও প্রকাশিত